দক্ষিণ লেবাননে ইসরায়েলি হামলায় শিশুসহ ৪ জন নিহত



লেবাননে ইসরায়েলি বিমান হামলায় নিহত ৪। ছবি: সংগৃহীত

দক্ষিণ লেবাননে ইসরায়েলি বিমান হামলায় চারজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও অন্তত তিনজন। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে।

স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়, সোমবার দক্ষিণাঞ্চলীয় মারুব গ্রামে ইসরায়েলি যুদ্ধবিমান হামলা চালায়। হামলায় ঘটনাস্থলেই চারজনের মৃত্যু হয়। আহতদের দ্রুত উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নেওয়া হয়েছে। নিহতদের মধ্যে দেড় বছর বয়সী এক কন্যাশিশুও রয়েছে।

সীমান্ত এলাকায় দীর্ঘদিন ধরে চলমান উত্তেজনার মধ্যে সাম্প্রতিক সময়ে দক্ষিণ লেবাননে হামলা বেড়েছে। বিশেষ করে আঞ্চলিক সংঘাতের প্রভাব এই এলাকায় পরিস্থিতি আরও জটিল করে তুলছে। কর্তৃপক্ষ আশঙ্কা করছে, হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে। তবে এ হামলা নিয়ে ইসরায়েলি সেনাবাহিনীর পক্ষ থেকে এখনো কোনো মন্তব্য পাওয়া যায়নি।

LENS ASIA